খুলনায় ধর্ষণের শিকার ৭ বছরের শিশু

খুলনা মহানগরীর টুটপাড়ার মহিরবাড়ি খালপাড় এলাকায় সাত বছরের এক শিশু ধর্ষণের শিকার হয়েছে।

শুক্রবার সকাল সাড়ে ৮টার দিকে এ ঘটনা ঘটে।

ঘটনার পর থেকেই পলাতক রয়েছে ধর্ষক। শিশুটির শরীর থেকে অতিরিক্ত রক্তক্ষরণ হওয়ায় তাকে খুলনা মেডিক্যাল কলেজ (খুমেক) হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে।

শিশুটির পরিবার জানায়, সকালে ধর্ষণের শিকার শিশুটি অন্য শিশুদের সঙ্গে খেলতে নিজ বাড়ি থেকে বের হয়। এসময় এক যুবক তাকে ফুসলিয়ে পাশ্ববর্তী একটি নির্জন বাড়ির সিঁড়ির নিচে নিয়ে ধর্ষণ করে। রক্তাক্ত অবস্থায় শিশুটি পরিবারের সদস্যদের এ ঘটনাটি জানায়। পরে এলাকাবাসীর সহায়তায় তাকে চিকিৎসার জন্য খুমেক হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

চিকিৎসকরা জানান, শিশুটির শরীর থেকে অতিরিক্ত রক্তক্ষরণ হচ্ছে। শিশুটি তার পরিবারকে জানিয়েছে, সে ধর্ষককে চিনতো না, তবে এখন দেখলে চিনবে।

শিশুটির মা বলেন, আমাদের বাসার পাশেই আমার খালাতো বোনের বিয়ের অনুষ্ঠান আজ। সকালে মেয়েকে ১৫-২০ মিনিট পাওয়া না যাওয়ায় খোঁজখুঁজি শুরু হয়। পরবর্তীতে আমাদের বাড়ির এক বাড়ি পরের দোতলা বাড়ির সিঁড়ির নিচে রক্তাক্ত অবস্থায় আমার মেয়েকে পাওয়া যায়।

এ বিষয়ে পরিবারের পক্ষ থেকে থানায় মামলা দায়ের করা হবে বলেও জানান তিনি।

খুলনা মেট্রোপলিটন পুলিশের (কেএমপি) উপ-পুলিশ কমিশনার (দক্ষিণ) এহসান শাহ বলেন, শিশুটি খুমেক হাসপাতালে ভর্তি রয়েছে। ধর্ষককে আটক করতে পুলিশের বিশেষ টিম অভিযান চালাচ্ছে।